

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮২১

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, ইবনু জুরাইজ এই হাদীসটি সুলাইমান আল আহওয়াল থেকে শ্রবণ করেননি, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحس قول من زعم أن ابن جريج لم يسمع هذا الخبر من سليمان الأحول

আরবী

3821 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُنْذِرِ بْنِ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا يُونُسُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا حَجَّاجٌ عَنْ ابْنِ جَرِيحٍ قَالَ: أَخْبَرَنِي سُلَيْمَانُ الْأَحْوَلُ أَنَّ طَاوُسًا أَخْبَرَهُ عَنْ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ - وَهُوَ يَطُوفُ بِالْكَعْبَةِ - بِإِنْسَانٍ قَدْ رَبَطَ يَدَهُ بِإِنْسَانٍ آخَرَ بِسَيْرٍ - أَوْ بِخَيْطٍ أَوْ بِشَيْءٍ غَيْرِ ذَلِكَ - فَقَطَعَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَالَ: (قده بيده)

الراوي : ابن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3821 | خلاصة حكم المحدث: صحيح: خ (1620 و 1621 و 6703).

বাংলা

৩৮২১. ইবনু আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কা’বায় তাওয়াফ করার সময় এক ব্যক্তির পাশ দিয়ে অতিক্রম করেন, যে ব্যক্তির হাত আরেক ব্যক্তির হাতের সাথে চামড়ার পাতলা ফালি, সুতা বা অন্য কিছু দ্বারা বাঁধা ছিল। তখন আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেটা কেটে দেন। তারপর তিনি বলেন, “তাকে হাত ধরে নিয়ে যাও।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ৩৩০২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৫৮৬১; মুসনাদ আহমাদ: ১/৩৬৪; সহীহুল বুখারী: ১৬২০; নাসাঈ: ৫/২২২; হাকিম: ১/৪৬০; সুনান বাইহাকী: ৫/৮৮; তাবারানী আলকাবীর: ১০৯৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৮২০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93160>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন